

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা
কৃত পক্ষ কৃতক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৬, ১৯৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

বিচার শাখা-৪

বিজ্ঞপ্তিসমূহ

ঢাকা, ৫ই মার্চ, ১৯৮৬

নং এস, আর, ও, ৭৮-এল/৮৬/৬৮-বিচার ৪/৫সি-৭/৮৩—অত্র মন্ত্রণালয়ের ১৮ই জানুয়ারী, ১৯৮৬ তারিখের এস, আর, ও, ২৭-এল/৮৬/১৭-বিচার ৪/৫সি-৭/৮৩ নং বিজ্ঞপ্তির আংশিক সংশোধনক্রমে দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন)-এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন)-এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে বরিশালের অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, প্রতি মাসের ১ম সপ্তাহ ভোলা জেলার ভোলায় অনুষ্ঠিত হইবে।

এই আদেশ ২৩শে ফেব্রুয়ারী, ১৯৮৬ তারিখ হইতে কার্যকরী হইবে।

নং এস, আর, ও, ৭৯-এল/৮৬/৬৭-বিচার ৪/৫সি-৭/৮৩—অত্র মন্ত্রণালয়ের ১৮ই জানুয়ারী, ১৯৮৬ তারিখের এস, আর, ও, ২৭-এল/৮৬/১৭-বিচার ৪/৫সি-৭/৮৩ নং বিজ্ঞপ্তির আংশিক সংশোধনক্রমে দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন)-এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন)-এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে বরিশালের অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, প্রতি মাসের ২য় সপ্তাহ হইতে শেষ দিন পর্যন্ত বরিশালে অনুষ্ঠিত হইবে।

এই আদেশ ২৩শে ফেব্রুয়ারী, ১৯৮৬ তারিখ হইতে কার্যকরী হইবে।

(১২৯৫)

মুদ্রা: ৩০ পয়সা

নং এস,আর,ও, ৮০-এল/৮৬/৬৯-বিচার ৪/৫সি-৭/৮০—অত্র মন্ত্রণালয়ের ৮ই ডিসেম্বর, ১৯৮৫ তারিখের এস,আর,ও. ৫০৮-এল/৮৫/৪৪৫-বিচার ৪/৫সি-৭/৮০ নং বিজ্ঞপ্তিত বাতিল-ক্রমে দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন)-এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন)-এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে জামালপুরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, জামালপুরে পুনঃস্থাপিত হইল।

এই আদেশ ৯ই ফেব্রুয়ারী, ১৯৮৬ তারিখ হইতে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাফিজ উদ্দীন আহমদ

উপ-সচিব।